# গাজার বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় আহত অন্তত ৭ ফিলিস্তিনি



সংগৃহীত ছবি

গাজা উপত্যকার বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় দুই শিশুসহ অন্তত সাত ফিলিস্তিনি আহত হয়েছেন। চিকিৎসা সূত্রের বরাতে আনাদোলু নিউজ এজেন্সি এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, গাজা শহরের উত্তর-পশ্চিমাঞ্চলের আল-খালিদি এলাকায় বাস্তুচ্যুত মানুষের তাঁবু লক্ষ্য করে ইসরায়েলি নৌবাহিনীর গুলিতে দুজন আহত হন।

এ ছাড়া উত্তর-পশ্চিম গাজার আস-সুদানিয়া এলাকায় বাস্তুচ্যুতদের আরেকটি শিবিরে পৃথক হামলায় এক শিশু আহত হয়েছে।

ফিলিস্তিনি রেড ক্রিসেন্ট জানিয়েছে, গাজা শহরের উত্তর-পূর্বাঞ্চলের তুফাহ এলাকায় ইসরায়েলি বিমান হামলায় আরও তিনজন আহত হয়েছেন। একই ঘটনায় স্প্লিন্টারের আঘাতে আহত এক শিশুকেও হাসপাতালে নেওয়া হয়েছে।

অন্যদিকে ফিলিস্তিনি সংবাদ সংস্থা ওয়াফা তুফাহ ও আস-সুদানিয়া এলাকায় চারজন আহত হওয়ার তথ্য জানিয়েছে।

এদিকে, গত ১১ অক্টোবর কার্যকর হওয়া যুদ্ধবিরতির পর থেকে ইসরায়েলি সামরিক অভিযানে অন্তত ১ হাজার ৩৪৪ ফিলিস্তিনি নিহত এবং আরও ৪ হাজার ৪৬৪ জন আহত হয়েছেন বলে বিভিন্ন সূত্র জানিয়েছে।

LENS ASIA